

AFL-CIO


AMERICA'S UNIONS

যে সুরক্ষার দাবি আপনার করা উচিত

নিয়োগকর্তার জন্য কর্মক্ষেত্রের সুরক্ষা এবং স্বাস্থ্য নিরাপদ ও স্বাস্থ্যকর রাখার সবচেয়ে কার্যকর উপায় হল বিপদের সম্ভাবনাগুলো নির্মূল করা বা তার বদলে এমন ব্যবস্থা করা যা ক্ষতিকর নয়। তবে টিকা না তৈরি হওয়া অবধি কোভিড-19 নির্মূল করা যাবে না। আপনি ও আপনার সহকর্মীরা আপনাদের সুরক্ষার সাহায্যার্থে নিয়োগকর্তার কাছে তাদের সাধের মধ্যে যতটুকু সম্ভব সবটুকু করার দাবি করতে পারেন।

শ্রমিক ও আমাদের ইউনিয়নগুলো একসঙ্গে মিলে বর্তমানে নিম্নোক্ত কিছু দাবি অর্জন করতে সক্ষম হয়েছে:

নিয়ন্ত্রণের শ্রেণিবিন্যাস



বিপদ থেকে আমাদের বিচ্ছিন্ন রাখা

- যেখানেই সম্ভব বাসা থেকে কাজ করার নীতি কার্যকর করা।
- কোভিড-19 সম্পর্কিত অতিরিক্ত সর্বৈতনিক ছুটি প্রদান, যার ফলে পরিবারের অসুস্থ ও দুর্বল রোগ প্রতিরোধ ক্ষমতাসম্পন্ন সদস্যের পরিচর্যাসহ অসুস্থ বা রোগীর সংস্পর্শে আসা কর্মীরা বাসায় থাকতে পারবে।
- দরজা, সিঁক ও বেশি স্পর্শ করা হয় এমন স্থানের জন্য স্পর্শহীন প্রযুক্তির ব্যবস্থা করা।
- কর্মস্থলের সব জায়গায় বায়ুবাহিত ভাইরাস-নাশক এয়ার ফিল্টারসহ উপযুক্ত বায়ু চলাচলের ব্যবস্থা নিশ্চিত করা।
- যদি আমাদের কর্মক্ষেত্রে কারো কোভিড-19 হয়েছে বলে নিশ্চিত হয় বা আক্রান্ত বলে সন্দেহ করা হয় তাহলে কোভিড-19 বুঝি সম্পর্কে আমাদেরকে জানানো এবং আক্রান্ত ব্যক্তির ব্যবহৃত এলাকা সঙ্গে সঙ্গে জীবাণুমুক্ত করা।

আমাদের কাজ করার উপায় পরিবর্তন করা

- কর্মক্ষেত্রের বহুল স্পর্শিত স্থান ও যাতায়াত এলাকা নিয়মিতভাবে ঘনঘন পরিষ্কার করা ও জীবাণুমুক্ত করা।
- সর্বদা অন্তত 6 ফুট দূরত্ব বিধি মেনে চলতে ভৌত প্রতিবন্ধকতার ব্যবস্থা করা।
- সরঞ্জাম ভাগ করে ব্যবহার কমাতে হবে ও ভাগ করে ব্যবহার করলে নিয়মিতভাবে স্যানিটাইজ করতে হবে।
- ব্যক্তি থেকে ব্যক্তি সংস্পর্শ কমাতে কর্মক্ষেত্রের ডিজাইন বদলানো ও কাজের সময় ও বিরতির সময় বদলানো।
- সমস্ত কর্মীকে কর্মক্ষেত্রের নতুন সুরক্ষা বিধির প্রশিক্ষণ দেয়া ও কর্মীদের মাতৃভাষায় সেই প্রশিক্ষণ প্রদান করা।

কর্মক্ষেত্রে সুরক্ষা

- কর্মীকে বিনা খরচে ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (personal protective equipment, PPE), ফিট টেস্টিং ও প্রশিক্ষণ প্রদান করা। শ্বাসকষ্টের রোগ সম্পর্কে আরো জানা।
- হাত ধোয়ার স্থানে সাবান ও এয়ার ড্রায়ারের পাশাপাশি হ্যান্ড স্যানিটাইজার রাখার ব্যবস্থা করা।
- কর্মী, গ্রাহক ও পরিদর্শনকারীদের জন্য মাস্ক ও হ্যান্ড হাইজিনের ব্যবস্থা করা।
- বিপদ সম্পর্কে অবহিত করার দায়ে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের বদলে কর্মীদের জন্য প্রণোদনার ব্যবস্থা করা।
- সকল কর্মীদের জন্য বিনা খরচে কোভিড-19 পরীক্ষা করানোর ব্যবস্থা করা।

কর্মক্ষেত্রে সুরক্ষিত থাকার অধিকার আপনার আছে।

আপনার নিয়োগকর্তা আপনার সুরক্ষার জন্য পর্যাপ্ত ব্যবস্থা নাও নিয়ে থাকতে পারে। কর্মক্ষেত্রে আপনার সুরক্ষিত থাকার অধিকার এবং কীভাবে আপনার সহকর্মীদের সাথে সম্মিলিত পদক্ষেপ কর্মক্ষেত্রের সুরক্ষা এবং জীবন বাঁচাতে পারে তা সম্পর্কে আরো জানুন।